৮৭

৪৩

দৈনিক ইত্তেফাক

তারিখ 27 AUG 1988
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

## সিলেটে আলিয়া মাদ্রাসায় ছাত্র সংঘর্ষ ॥ ২৭ জন আহত

সিলেট সংবাদদাতার ফোন: গতকাল (শনিবার) সকালে সিলেট সরকারী আলিয়া মাদ্রাসায় দুই দল ছাত্রের মধ্যে এক সংঘর্ষে ২৭ জন আহত হয়। আহতদের মধ্যে ৩ জনের অবস্থা গুরুতর। তাহাদের সিলেট ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে।

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

### সিলেটে

(১ম পৃঃ পর)

জানা গিয়াছে, ইসলামী ছাত্রশিবির এবং আঞ্জুমানে তালামিজে ইসলামিয়ার ২ কর্মীর মধ্যে প্রথমে বচসা ও পরে উভয় দলের মধ্যে সংঘর্ষ হয়। খবর পাইয়া পুলিশ ঘটনাস্থলে হাজির হয় ও পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। সংঘর্ষকালে উভয় দল ধারাল অস্ত্র ব্যবহার করে। সেখানে উত্তেজনা বিরাজ করিতেছে।

### বিয়ানীবাজারে—

ছাত্র সংসদের নির্বাচনকে কেন্দ্র করিয়া গতকাল সকালে বিয়ানীবাজার কলেজে ২ দল ছাত্রের মধ্যে এক সংঘর্ষে ৭ জন আহত হয়। গুরুতর আহত ১ জনকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হইয়াছে। এখানেও উত্তেজনা বিরাজ করিতেছে।